

বাংলাদেশ হেলথ ওয়াচ এর কোভিড-১৯ ইন বাংলাদেশ: দ্য ফাস্ট টু ইয়ারস অ্যান্ড লুকিং অ্যাহেড প্রতিবেদন প্রকাশ

আজ মঙ্গলবার বাংলাদেশ হেলথ ওয়াচ তাদের অষ্টম প্রতিবেদন, 'কোভিড-১৯ ইন বাংলাদেশ: দ্য ফাস্ট টু ইয়ারস অ্যান্ড লুকিং অ্যাহেড' (বাংলাদেশে কোভিড-১৯: প্রথম দুই বছর ও সামনের দিনগুলো) প্রকাশ করেছে। এই প্রতিবেদনটির উদ্বোধন অনুষ্ঠিত হয় আজ ৩ টায় রাজধানীর ব্র্যাক সেন্টার ইন এর অডিটোরিয়াম এ।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ড. আহমেদ মুশতাক রাজা চৌধুরী, বিএইচডব্লিউ-এর আহ্বায়ক, অধ্যাপক ডাঃ বে-নাজির আহমেদ, ডিজিএইচএস রোগ নিয়ন্ত্রণের প্রাক্তন পরিচালক, ড. মোহাম্মদ মুস্তাক হুসাইন, উপদেষ্টা আইইডিসিআর, ড. মোর্শেদা চৌধুরী, পরিচালক এইচএনপিপি, ব্র্যাক, ডাঃ মোঃ শরফুদ্দিন আহমেদ, ভাইস-চ্যান্সেলর বিএসএমএমইউ, এবং অধ্যাপক ড. রওনাক জাহান, আহ্বায়ক, উপদেষ্টা গ্রুপ, বিএইচডব্লিউ।

এই প্রতিবেদনে কোভিড-১৯ এর শুরুর দিকে এর মোকাবেলায় বাংলাদেশ সরকার ও অন্যান্য অংশীজনদের গ্রহণ করা ব্যবস্থার কথা তুলে ধরা হয়েছে, এবং এর ভুলগুলো খুঁজে বের করা হয়েছে ও ভুল থেকে কী শিক্ষা পাওয়া গেল সে কথাও বলা হয়েছে। অদূর ভবিষ্যতে মহামারি মোকাবেলায় পূর্বের ভুল থেকে প্রাপ্ত শিক্ষার আলোকে স্বাস্থ্যখাত সংস্কারে করণীয় বিষয়গুলোর কথা তুলে ধরা হয়েছে এই প্রতিবেদনে।

অনুষ্ঠানের শুরুতে বাংলাদেশ হেলথ ওয়াচ এর আহ্বায়ক, ড. আহমেদ মুশতাক রাজা চৌধুরী, স্বাগত বক্তব্য দেন "আমাদের স্বাস্থ্যখাতে মনোযোগ অনেক কম। তাই প্রতি বছর বাজেট এ এর বরাদ্দ অনেক কম দেখা যায়"

তিনি আরো বলেন যে আমাদের সর্বজনীন স্বাস্থ্য সেবা নিয়ে মনোযোগী হওয়া উচিত।

আলোচক বেনজির বলেন, "এই বইটি আমাদের জন্য ভাল একটি রিসোর্স বই হিসাবে কাজ করবে, বিশেষ করে যারা জনস্বাস্থ্য নিয়ে কাজ করেন।"

তিনি আরো বলেন যে উন্নয়ন ও স্বাস্থ্য সমার্থক, উন্নয়ন স্বাস্থ্যকে বাদ দিয়ে করা যাবেনা।

প্রফেসর বেনজির প্রতিবেদনটির প্রত্যেকটি অধ্যায়ের বিশ্লেষণ করেন এবং বাংলাদেশের জনস্বাস্থ্যকে মূলধারার আওতায় আনার জন্য তিনি জোর দেন।

আলোচক ড. মোহাম্মদ মুস্তাক হুসাইন বলেন যে, আমাদের করোনাকালীন প্রস্তুতি অনেক ভাল ছিল এবং

এই কারণেই আমাদের মৃত্যুহার অনেক কম দেখা গিয়েছে অন্যান্য উন্নত দেশগুলোর তুলনায়। তিনি বলেন যে

বাংলাদেশে "পার্লিক হেল্থ অধিদপ্তর প্রতিষ্ঠা করতে হবে।"



SECRETARIAT:

BRAC JPG School of Public Health, BRAC University
6th Floor, Medona Tower, 28 Mohakhali Commercial
Area, Bir Uttom AK Khandakar Road, Dhaka-1213
Bangladesh, T: +880-2-48812213-18
Email: bhw@bracu.ac.bd
www: bangladeshhealthwatch.org

উপস্থিত অনুষ্ঠানে প্রধান অতিথি ড. শরফুদ্দুন আহমেদ বলেন , " আমাদের দেশের করোনাকালীন ব্যবস্থাপনা অনেক ভালো ছিল। করোনা আমাদের অনেক কিছু শিখিয়েছে। এই করোনায় অনেক ডাক্তার নিয়োগ হয়েছে।"

অনুষ্ঠানটির সভাপতিত্ব করেন ড রওনক জাহান । বাংলাদেশ হেলথ ওয়াচ এর পূর্ববর্তী প্রতিবেদন এর আলোকে বিশ্লেষণ করে তিনি বলেন, "হেল্থ ওয়াচ এর আগের প্রতিবেদনগুলোর রিকমেন্ডেশন গুলোর কোন প্রতিফলন আমরা বাস্তবে দেখতে দেখতে পাইনা। সুতরাং আমাদের মনিটরিং করা প্রয়োজন।"

তিনি আরো বলেন যে প্রতি বছর স্বাস্থ্যখাতে যে বাজেট ধরা হয় তা পুরোটা ব্যয় হয় না যেখানে অন্যসব খাতে বরাদ্দ বাজেট ব্যয় হয়ে যায়।



SECRETARIAT:

BRAC JPG School of Public Health, BRAC University
6th Floor, Medona Tower, 28 Mohakhali Commercial
Area, Bir Uttom AK Khandakar Road, Dhaka-1213
Bangladesh, T: +880-2-48812213-18
Email: bhw@bracu.ac.bd
www: bangladeshhealthwatch.org